



পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

প্রধান কার্যালয়

বাড়ী নং-০৫, এভিনিউ-০৩, হাজী রোড, রুপনগর, মিরপুর-২, ঢাকা-১২১৬

স্মারক নং: ৪৭.৬৬.০০০০.০১২.৯৯.০৩৬.০২-৫৩১

তারিখঃ ১১ মাঘ, ১৪২৫ বঃ
২৪ জানুয়ারী, ২০১৯খ্রিঃ

বিষয়ঃ পিডিবিএফ সুফলভোগী সদস্যদের আয় বর্ধনমূলক কর্মকাণ্ডে (আইজিএ) স্টীকার লাগানো প্রসঙ্গে।

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) পল্লী এলাকার অসুবিধাগ্রস্ত, অবহেলিত ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে প্রশিক্ষণ, সচেতনতা বৃদ্ধি, উদ্বুদ্ধকরণ, আত্মকর্মসংস্থান সৃষ্টি ও ঋন সহায়তা প্রদানের মাধ্যমে আর্থিক সমৃদ্ধি অর্জনে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। পিডিবিএফ এর ক্ষুদ্র ঋণ ও সেল্ল ঋণ গ্রহীতা সদস্যগণ তাদের গৃহীত ঋন কোন না কোন সুনির্দিষ্ট আয় বৃদ্ধি মূলক কর্মকাণ্ডে (আইজিএ) বিনিয়োগ করে স্বাবলম্বী হচ্ছে এবং দেশের অগ্রগতি ও উন্নয়নে অবদান রাখছে। সুফলভোগী সদস্যদের ঋণ ব্যবহারের ধরণ বিশ্লেষণে দেখা যাচ্ছে যে, অনেক ক্ষেত্রে ঋণের আবেদনে বর্ণিত আইজিএ'র সাথে বাস্তবে ঋণ ব্যবহারের কোন সম্পৃক্ততা নেই। আইজিএ'র বাস্তব অবস্থান সুস্পষ্ট না থাকায় এক হাতে একাধিক ঋণ চলে যাওয়ার সম্ভাবনা থাকে, তাই দৃশ্যমান আইজিএ ব্যতিত কোন প্রকার ঋণ বিতরণ গ্রহণযোগ্য নয়। তাছাড়া সুফলভোগী সদস্যদের দৃশ্যমান আইজিএ'তে স্টীকার থাকলে যেমন পিডিবিএফ এর প্রচার ও প্রসার ঘটবে তেমনি অন্যরাও পিডিবিএফ কর্মকাণ্ডের প্রতি আকৃষ্ট ও উদ্বুদ্ধ হবে। বিগত ১৩/১২/২০১৮ তারিখে অনুষ্ঠিত ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সভার সিদ্ধান্ত মোতাবেক সকল ঋণ গ্রহীতার আয় বর্ধনমূলক কর্মকাণ্ডে স্টীকার লাগানোর সিদ্ধান্ত গৃহীত হয়। পিডিবিএফ এর সকল কার্যালয়ে ০১ ফেব্রুয়ারী ২০১৯ হতে বিতরণকৃত সকল ঋণ গ্রহীতাদের (ক্ষুদ্র ও সেলপ)সংশ্লিষ্ট আইজিএতে স্টীকার লাগানো নিশ্চিত করতে হবে।

০১. উদ্দেশ্যঃ

- (১). আইজিএ স্থাপনে সদস্যদের উদ্বুদ্ধ করা;
- (২). সদস্যের আইজিএ সনাক্ত করন;
- (৩). কোন আইজিএতে কত টাকা ঋণ বিনিয়োগ করা হয়েছে তা নির্ধারন করা;
- (৪). পিডিবিএফ এর কার্যক্রমের প্রচার ও প্রসার ঘটানো;
- (৫). দেশের আপামর জনগোষ্ঠী পিডিবিএফ এর সাথে সম্পৃক্ত হতে উদ্বুদ্ধ হবে;
- (৬). ঋণের আবেদনে উল্লেখিত আইজিএতে ঋণের ব্যবহার নিশ্চিত করন;
- (৭). নির্দিষ্ট আইজিএতে সদস্য সংখ্যা ও ঋণের পরিমান সংক্রান্ত প্রতিবেদন তৈরী সহজ হবে।
- (৮). পিডিবিএফ দেশের আর্থ- সামাজিক উন্নয়নে যে ভূমিকা পালন করছে, তার দৃষ্টান্ত স্থাপন করা।

স্টীকার এর নমুনা ও বিবরণঃ



পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

ধামরাই উপজেলা কার্যালয়, ঢাকা অঞ্চল

আইজিএঃ গরু মোটা-তাজাকরণ প্রকল্প- ২০২ (১)

সদস্যঃ আফরোজা বেগম (১৫)

সমিতির নামঃ শাপলা আদর্শ মহিলা সমিতি (২৭)




- ❖ আইজিএ এর ক্ষেত্রেঃ আইজিএ' এর নাম, আইজিএ কোড নম্বর এবং বন্ধনীর মাঝে কততম প্রকল্প তার সংখ্যা লিখতে হবে;
- ❖ সদস্যের ক্ষেত্রেঃ সদস্যের নাম এবং ডান পাশে বন্ধনীর মাঝে সদস্যের কোড লিখতে হবে;
- ❖ সমিতির ক্ষেত্রেঃ সমিতির নাম ও কোড নং লিখতে হবে;
- ❖ সেলপ ঋণের ক্ষেত্রেঃ সদস্যের জায়গায় উদ্যোক্তা ও সমিতির জায়গায় গ্রাম বা স্থানের নাম লিখতে হবে;
- ❖ স্টীকারের আকারঃ দৈর্ঘ্য - ৭" এবং প্রস্থ - ৪";
- ❖ স্টীকার রং- হালকা সবুজ অথবা হালকা হলুদ;
- ❖ লেখার রং- সবুজ, লাল, কালো ও নীল রং এর সমন্বয়ে করা যেতে পারে;
- ❖ আইজিএ স্টীকার অবশ্যই আঠায়ুক্ত (দ্বি-স্তর বিশিষ্ট) লেমিনেটিং কাগজে তৈরী করতে হবে;
- ❖ মুদ্রন ও মনোহরী সামগ্রী ক্রয় খাতের বাজেট থেকে স্টীকার তৈরীর ব্যয় নির্বাহ করা যাবে;
- ❖ স্বল্পতম মূল্যে আইজিএ স্টীকার তৈরীর ব্যবস্থা করতে হবে, প্রয়োজনে এ ব্যাপারে অতিরিক্ত পরিচালক, মাঠ পরিচালন এর সাথে পরামর্শ/যোগাযোগ করা যেতে পারে;
- ❖ ক্ষুদ্র ও সেলপ ঋণ কার্যক্রমে বর্তমান দৃশ্যমান আইজিএ'র তালিকা জানুয়ারী'১৯ মাসের মধ্যে হালনাগাদ করতে হবে;
- ❖ ০১ ফেব্রুয়ারী'১৯ মাস হতে বিতরণকৃত সকল ঋণ গ্রহীতাদের (ক্ষুদ্র ও সেলপ) সংশ্লিষ্ট আইজিএতে স্টীকার লাগাতে হবে;
- ❖ উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা আইজিএ স্টীকার লাগানোর বিষয়টি মনিটরিং করবেন;
- ❖ আইজিএ স্টীকার সংক্রান্ত তথ্যাদি একটি পৃথক রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।

অতএব, উপরোক্ত বিষয় ও নির্দেশনাসমূহ অনুসরণ পূর্বক পিডিবিএফ এর সকল সদস্য ও উদ্যোক্তার আইজিএ'তে (পোল্ট্রি, মৎস্য চাষ, গরু মোটা তাজাকরণ, গাভী পালন, ছাগল পালন, হাঁসপালন, উদ্যান নার্সারী, শাক-সবজি চাষ, কৃষি খামার, দোকানপাট ও ব্যবসা প্রতিষ্ঠান ইত্যাদি) স্টীকার লাগানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদন ক্রমে এ পত্র জারী করা হলো।

যুগ্ম/উপ পরিচালক (সকল)
পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন
..... অঞ্চল।


২৪/০১/১৯
(মোঃ আশ্বিনুল হক)


ভারপ্রাপ্ত পরিচালক, মাঠ পরিচালন

স্মারক নং: ৪৭.৬৬.০০০০.০১২.৯৯.০৩৬.০২-৫৩১

তারিখঃ ১১ মাঘ, ১৪২৫ বঃ
২৪ জানুয়ারী, ২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরন করা হলোঃ

- ০১। পরিচালক (সকল), পিডিবিএফ প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। অতিরিক্ত পরিচালক/প্রকল্প পরিচালক, পিডিবিএফ প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। যুগ্ম পরিচালক (সকল), পিডিবিএফ প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। এক্সিকিউটিভ সেক্রেটারী, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, পিডিবিএফ প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। উপ পরিচালক/সিনিয়র সহকারী পরিচালক (সকল অডিট অঞ্চল), পিডিবিএফ।
- ০৬। উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা (সকল), পিডিবিএফ, অঞ্চল।
- ০৭। সংশ্লিষ্ট নথি।


২৪/০১/১৯
(মোঃ সোলায়মান)
অতিরিক্ত পরিচালক